গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
বিভাগীয় কার্যালয়
নারকোটিক্স অফিসরোড
আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।
**Email:addirsyldiv@dnc.gov.bd**

স্মারকনং- ৫৮.০২.০০০০.০০০.১৯.০০১.২০-২৬৪ তারিখঃ ০৫/০৫/২০২৬ খ্রি.

## অফিস আদেশ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর ২৬ এপ্রিল, ২০২৬ তারিখের ১৫১৯ নং স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System - GPMS) প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট ও এর আওতাধীন কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তাদের নিয়ে নিম্নরুপ টিম গঠন করা হলো।

| ক্র. | নাম ও পদবী | GPMS টিম পদবী |
|---|---|---|
| ০১ | অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট | টিম লিডার |
| ০২ | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিলেট | সদস্য |
| ০৩ | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ | সদস্য |
| ০৪ | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, মৌলভীবাজার | সদস্য |
| ০৫ | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, হবিগঞ্জ | সদস্য |
| ০৬ | সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, সিলেট | সদস্য (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা) |
| ০৭ | জনাব মোহাম্মদ আবুদল হক, প্রশাসনিক কর্মকর্তা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সিলেট | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

কমিটির কার্যপরিধি নিম্নরুপ:

ক) প্রতিদিন সকাল ৯.০০ টা থেকে ৯.৪০ মিনিট পর্যন্ত সকল কর্মকর্তা/কর্মচারীগণের নিজ অফিসে উপস্থিতি ও অফিস কক্ষে অবস্থান নিশ্চিত করা এবং দাপ্তরিক কর্মসূচিতে এর প্রতিফলন পর্যবেক্ষণ করা (সংযুক্ত ছক মোতাবেক হাজিরা রেজিষ্টার তৈরী করে উহাতে স্বাক্ষর করা);

খ) দিনের বেলায় প্রাকৃতিক আলোর সর্বোচ্চ ব্যবহার এবং অপ্রয়োজনীয় বৈদ্যুতিক বাতি বন্ধ রাখা নিশ্চিত করা;

গ) অফিস চলাকালীন এয়ার কন্ডিশনার (AC)-এর তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখা নিশ্চিত করা;

ঘ) কক্ষ ত্যাগের সময় এবং অফিস সময় শেষে সকল বৈদ্যুতিক সরঞ্জাম (লাইট, ফ্যান, কম্পিউটার, এসি ইত্যাদি) বন্ধ রাখার বিষয়টি তদারকি করা;

ঙ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুপ ও সাধারণ স্থানে বিদ্যুৎ সাশ্রয় এবং নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্নতা (সিড়িঁর হাতলসহ) নিশ্চিত করা;

চ) সরকারি নির্দেশনা ব্যতীত কোনো প্রকার আলোকসজ্জা না করার বিষয়টি তদারকি করা এবং জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হওয়া; এবং

ছ) কমিটির কার্যক্রম এবং প্রাপ্ত পর্যবেক্ষণের ভিত্তিতে নিয়মিতভাবে একটি প্রতিবেদন অতিরিক্ত পরিচালক বরাবর উপস্থাপন করা।

২। বর্ণিতাবস্থায় Zero Tolerance (শূণ্য সহিষ্ণুতা) নীতি অনুসরণ করে নির্দেশনাসমূহ বাস্তবায়ন করতে হবে।

০৫/৫/২০২৬

(মো: মুজিবুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত পরিচালক
ফোন: ০২৯৯৭৭০১২৭১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।

৩। স্টাফ অফিসার, বিভাগীয় কমিশনার, সিলেট (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। জনাব মোহাম্মদ আবদুল হক, প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় জেলা কার্যালয়, সিলেট।